



ভিসা ঝামেলা ছাড়াই এশিয়ার ৬ দেশে ভ্রমণ সুযোগ পাচ্ছেন বাংলাদেশিরা



সংগৃহীত ছবি

সর্বশেষ হেনলি অ্যান্ড পার্টনার্সের গ্লোবাল পাসপোর্ট সূচক অনুযায়ী, বাংলাদেশি নাগরিকরা এখন এশিয়ার ছয়টি দেশে ভিসা ছাড়াই বা অন-অ্যারাইভাল সুবিধায় ভ্রমণ করতে পারবেন। পাহাড়, সমুদ্র, ইতিহাস ও সংস্কৃতির সমৃদ্ধ এসব দেশ হলো—নেপাল, ভুটান, মালদ্বীপ, শ্রীলঙ্কা, কম্বোডিয়া এবং তিমুর-লেসতে।

হেনলি অ্যান্ড পার্টনার্সের নতুন গ্লোবাল পাসপোর্ট র‌্যাঙ্কিংয়ে জানা গেছে, বাংলাদেশি পাসপোর্টধারীরা বর্তমানে বিশ্বের ৩৯টি দেশে ভিসামুক্ত বা অন-অ্যারাইভাল সুবিধা পাচ্ছেন। এর মধ্যে এশিয়ার ছয়টি দেশ পর্যটকদের কাছে বিশেষ আকর্ষণীয় গন্তব্য হিসেবে জায়গা করে নিয়েছে।

নেপাল

হিমালয় বেষ্টিত নেপালে বাংলাদেশিরা নির্ধারিত প্রবেশপথে ‘অন অ্যারাইভাল ভিসা’ পান। কাঠমান্ডু ভ্যালির ঐতিহাসিক নিদর্শন, পোখরার অল্পপূর্ণা রেঞ্জ ও এভারেস্ট বেস ক্যাম্প ট্রেক ভ্রমণকারীদের জন্য এক অনন্য অভিজ্ঞতা।

ভুটান

প্রাকৃতিক সৌন্দর্যে ভরা ভুটানে প্রবেশের জন্য বাংলাদেশিদের কোনো ভিসার প্রয়োজন নেই। টাইগার নেস্ট মনাস্টেরি, থিম্পু শহর, পুনাখা জং এবং ফোবজিখা ভ্যালির শীতকালীন সৌন্দর্য পর্যটকদের বিমোহিত করে।

মালদ্বীপ

সমুদ্রঘেরা মালদ্বীপে বাংলাদেশিরা ৩০ দিনের জন্য অন-অ্যারাইভাল ভিসা পান। মাফুশি দ্বীপে বাজেট ভ্রমণ কিংবা হানিফারু বেতে ডাইভিং—সবই এখানে সম্ভব। রাজধানী মালেতে ঐতিহাসিক গ্র্যান্ড ফ্রাইডে মসজিদ ও স্থানীয় বাজার ঘুরে দেখাও দারুণ অভিজ্ঞতা।

শ্রীলঙ্কা

বাংলাদেশিদের শ্রীলঙ্কায় প্রবেশে ‘ই-ভিসা’ নিতে হয়, যা ৩০ দিনের জন্য বৈধ এবং প্রয়োজনে বাড়ানো যায়। সিগিরিয়া লায়ন রক, ইয়ালা ন্যাশনাল পার্ক, গল ফোর্ট ও দক্ষিণের মনোরম সৈকত এই দ্বীপদেশের প্রধান আকর্ষণ।

কম্বোডিয়া

দক্ষিণ-পূর্ব এশিয়ার ঐতিহাসিক দেশ কম্বোডিয়ায় বাংলাদেশিরা অন-অ্যারাইভাল ভিসা পান। আঙ্কর ওয়াট মন্দির, রয়্যাল প্যালেস, সিলভার প্যাগোডা এবং কোহ রং দ্বীপ পর্যটকদের মনে দাগ কাটে।

তিমুর-লেসতে

এশিয়ার লুকানো রত্ন তিমুর-লেসতে বাংলাদেশিদের জন্য অন-অ্যারাইভাল ভিসা সুবিধা রয়েছে। দিলির ক্রিস্টো রেই ভাস্কর্য, আতাউরো দ্বীপের সামুদ্রিক জীববৈচিত্র্য ও মাউন্ট রামেলাউ ট্রেক ভ্রমণপিপাসুদের জন্য বিশেষ অভিজ্ঞতা এনে দেয়।

পাহাড় থেকে সমুদ্র, ইতিহাস থেকে প্রকৃতি—সবকিছুই মিলবে এই ছয় দেশে। বাংলাদেশি ভ্রমণকারীদের জন্য এখনই সময় ব্যাগ গুছিয়ে পথে নামার।